[redacted]

[redacted]

স্থানীয় সরকার মন্ত্রণালয়ের প্রতিনিধি ঝিনাইদহের অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক আরিফ উজ জামানসহ একটি তদন্ত টিম ইউপি চেয়ারম্যান ফারুক আহম্মেদ জুয়েলসহ ৭ জন ইউপি সদস্যকে বহিষ্কারের সুপারিশ করে মন্ত্রণালয়ে প্রতিবেদন পাঠায়। তারই ফলশ্রুতিতে গত ১০ ডিসেম্বর ১৩৫৫ নং স্মারকে জনস্বার্থে ইউপি চেয়ারম্যান ফারুক আহম্মেদ জুয়েলসহ ৫ ইউপি সদস্যকে সাময়িক বহিষ্কার করে প্রজ্ঞাপণ জারি করে। একই সাথে কেন তাদের চূড়ান্ত অপসারণ করা হবেনা জানতে চেয়ে কারণ দর্শানোর নোটিশ প্রদান করে।

এই পত্রের অনুলিপি ঝিনাইদহ জেলা প্রশাসক, ঝিনাইদহ উপজেলা নির্বাহী অফিসার ও স্থানীয় সরকার বিভাগের প্রোগ্রামারকে সংরক্ষণের নির্দেশ দিয়ে পাঠানো হয়। এছাড়াও প্রধানমন্ত্রীর একান্ত সচিব, মুখ্য সচিবের একান্ত সচিব এবং অতিরিক্ত সচিবের একান্ত সচিবের অনুকূলে অনিুলপি পাঠানো হয়েছে।

কালীচরণপুর ইউনিয়নকে আধুনিক ইউনিয়নে রুপান্তরিত করতে চান কামরুজ্জামন দুদু

ঝিনাইদহ সদর উপজেলার ১৫নং কালীচরণপুর ইউনিয়নের আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী মোঃ কামরুজ্জামান দুদু। তিনি দীর্ঘদিন বাংলাদেশ আওয়ামী লীগের ইউনিয়নের নেতৃত্ব দিয়ে আসছেন এবং ৬ নং ওয়ার্ডে ইউপি সদস্য থেকে মানুষের সেবা দিয়েছেন।

ইতোমধ্যে জননেত্রী শেখ হাসিনা ঘোষণা দিয়েছেন আগামী স্থানীয় সরকার নির্বাচনে দলের ত্যাগী নেতাদের মূল্যায়ন করা হবে। যার ফলশ্রুতিতে তিনি বাংলাদেশ আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী হিসেবে নিজেকে মেলে ধরতে চান।

চেয়ারম্যান পদে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী কামরুজ্জামান দুদু বলেন, আমার স্বপ্ন ১৫নং কালীচরণপুর ইউনিয়নকে আধুনিক ইউনিয়নে রুপান্তরিত করা।

সেই স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে আমি আগামী ইউপি নির্বাচনে আওয়ামী লীগের মনোনয়ন প্রত্যাশী। দল যদি আমাকে মনোনয়ন দেয় আমি আমার নেতা ঝিনাইদহের স্বচ্ছ রাজনীতির ধারক ও বাহক ঝিনাইদহ জেলা পরিষদের চেয়ারম্যান জননেতা কনক কান্তি দাসের সহযোগীতায় এবং ইউনিয়নের সাধারণ মানুষকে সাথে নিয়ে মাদকমুক্ত, সন্ত্রাসমুক্ত একটি আধুনিক ইউনিয়ন গড়ে তোলার জন্য কাজ করে যাব।

ঝিনাইদহে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

ঝিনাইদহে নানা আয়োজনে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়েছে। জেলা আওয়ামী লীগের উদ্যোগে গতকাল সোমবার সকালে শহরের পায়রা চত্বর থেকে একটি র্যালী বের করা হয়।

র্যালীটি শহরের প্রধান প্রধান সড়ক ঘুরে মুজিব চত্বরে গিয়ে শেষ হয়। পরে শহীদ স্মৃতিস্তম্ভে পুষ্পমাল্য অপর্ণ করেন দলটির নেতাকর্মীরা।

পরে সংক্ষিপ্ত আলোচনা সভায় জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, প্রচার সম্পাদক মঞ্জুর পারভেজ তুষারসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

এ সময় বক্তারা, দেশে মৌলবাদী, ধর্মান্ধ উগ্র সাম্প্রদায়িক গোষ্ঠীর আস্ফালন রুখে দেওয়ার প্রত্যয় ব্যক্ত করেন। আলোচনা শেষে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ করা হয়।

ঝিনাইদহের আঃ রউফ ডিগ্রী কলেজে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

ঝিনাইদহের আঃ রউফ ডিগ্রী কলেজে নানা আয়োজনে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়েছে।

কলেজ প্রশাসনের উদ্যোগে গতকাল সোমবার সকালে কলেজ প্রাঙ্গণে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহীদ মিনারের পাদদেশে গিয়ে শেষ হয়। পরে শহীদদের উদ্দেশ্যে পুষ্পমাল্য অপর্ণ ও এক মিনিটি নিরবতা পালন করা হয়।

প্রভাষক শাহানুর আলমের সঞ্চালনায় এবং সহকারী অধ্যাপক আব্দুল হাই এর সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন সহকারী অধ্যাপক জিনাত জেসমিন, ইসরাইল হোসেন, আমিনুল ইসলাম, প্রভাষক জাহাঙ্গীর আনাম প্রমুখ।

আলোচনা শেষে ছাত্রছাত্রীদের নিয়ে শহীদ বুদ্ধিজীবী দিবস ও মুক্তিযুদ্ধ বিষয়ক বিভিন্ন প্রশ্নের আলোকে কুইজ প্রতিযোগীতা করা হয় এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

হরিণাকুণ্ডুতে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে উপজেলা প্রশাসন ও উপজেলা আওয়ামী লীগ’র যৌথ উদ্যোগে যথাযোগ্য মর্যাদায় শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়েছে। গতকাল সোমবার সকালে পৃথক-পৃথক কর্মসূচীর মাধ্যমে শহীদ বেদীতে পুষ্পমাল্য অর্পণ, আলোচনা সভা ও ১৯৭১ সালের মুক্তিযুদ্ধকালীন সময়ে শহীদ বুদ্ধিজীবীদের স্মরণে বিশেষ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

উপজেলা পরিষদের সম্মেলন কক্ষের আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা পরিষদ চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, উপজেলা নির্বাহী

অফিসার সৈয়দা নাফিস সুলতানা, সহকারি কমিশনার (ভূমি) রাজিয়া আক্তার চৌধুরী, থানার অফিসার ইনচার্জ আব্দুর রহিম মোল্লা, চেয়ারম্যান ফজলুর রহমান, প্রেস ক্লাব সভাপতি সাইফুজ্জামান তাজুসহ বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যানবৃন্দ ও উপজেলার বিভিন্ন দপ্তরের প্রধানগণ।

অপর দিকে উপজেলা আওয়ামী লীগের আলোচনা সভায় বক্তব্য রাখেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি মশিউর রহমান জোয়ার্দ্দার, সাধারণ সম্পাদক রবিউল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক অধ্যক্ষ শরিফুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র শাহিনুর রহমান রিন্টুসহ, ইউপি চেয়ারম্যান মঞ্জুর আলম প্রমুখ। এছাড়াও যুবলীগ, ছাত্রলীগ, শ্রমিক লীগ, স্বেচ্ছাসেবক লীগ, কৃষকলীগ, বঙ্গবন্ধু সৈনিক লীগসহ বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

আলোচনা সভায় বক্তারা বলেন, ১৯৭১ সালে পাকিস্তানি হানাদার বাহিনী ও তাদের দোষর রাজাকার আল-বদর আল-সামস্রা এদেশকে মেধা শুন্য করার জন্য যুদ্ধ শুরুর পর থেকে বুদ্ধিজীবীদের হত্যা করে আসছিল। সর্বশেষ ১০ থেকে ১৪ ডিসেম্বর পাকিস্তান সেনাবাহিনী যুদ্ধে পরাজয় নিশ্চিত জেনে শিক্ষক, গবেষক, ডাক্তার, ইঞ্জিনিয়ার, উকিল, সাহিত্যিক, নাট্যকার, গীতিকার-সুরকারসহ সকলশ্রেণীর বুদ্ধিজীবীদের বাড়ি থেকে ডেকে এনে ঢাকার মিরপুর রায়ের বাজারে হত্যা করে।

সেই কারণে শহীদ বুদ্ধিজীবীদের স্মরণে প্রতিবছর ১৪ ডিসেম্বর দিনটিকে শ্রদ্ধার সাথে শহীদ বুদ্ধিজীবী দিবস হিসেবে পালন করা হয়। বক্তারা বুদ্ধিজীবী দিবসের আরও বিস্তারিত প্রকাশের দাবি জানান।

আলোচনা শেষে শহীদ বুদ্ধিজীবীদের স্মরণে আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত পরিচালিত হয়।

শৈলকুপায় শহীদ বুদ্ধিজীবী দিবস

পালিত

ঝিনাইদহের শৈলকুপা উপজেলা পরিষদের আয়োজনে শৈলকুপায় শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত হয়েছে। গতকাল সোমবার উপজেলা পরিষদ মিলনায়তনে দিবসটি উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা’র সভাপতিত্বে এতে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিলুফা ইয়াসমিন, বিশেষ অতিথি ছিলেন সহকারি কমিশনার(ভূমি) পার্থ প্রতিম শীল, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবী কালু, শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ জাহাঙ্গীর আলম।

সভায় মুক্তিযোদ্ধা, শিক্ষক, সাংবাদিক সহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে জাতীয় পার্টির প্রস্তুতি সভা

মেহেরপুরে জাতীয় পার্টির উদ্যোগে ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভার আয়োজন করা হয়েছে।

গতকাল সোমবার বিকালে মেহেরপুরের কাথুলী বাজারে মেহেরপুর জেলা জাতীয় পার্টির আহবায়ক সাইফুল ইসলামের নেতৃত্বে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা জাতীয় পার্টির সদস্য সচিব আব্দুল হাদী, জেলা জাতীয় পার্টির যুগ্ম আহবায়ক সুমন পারভেজ সহ জেলা জাতীয় পার্টির সদস্য সেলিম রহমান, হামিদুল ইসলাম, মোহাম্মদ মিঠু, আব্দুল রাজ্জাক, কুতুব উদ্দীন, মান্নান, আব্দুল বাকি, মোসলেম আলী, বাবলু, হাবিবুর রহমান হাবিব, আরীফ বিল্লাহ,বারেক আলী প্রমুখ।

যারা বাংলাদেশকে স্বীকার করে না তাদের এদেশে থাকার অধিকার নেই- সম্পাদক ডেইলি অবজারভার

যারা বাংলাদেশকে স্বীকার করে না তাদের এদেশে থাকার অধিকার নেই বলে জানিয়েছেন ডেইলি অবজারভার পত্রিকার সম্পাদক ইকবাল সোবহান চৌধুরী।

তিনি বলেন, এই কুষ্টিয়া মুক্তিযুদ্ধের ইতিহাস রচনা করেছে, এই কুষ্টিয়ার জনপদ লালনের স্মৃতি বহন করে, বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজড়িত এই কুষ্টিয়া। এছাড়াও সাংবাদিকতার পথিকৃৎ কাঙাল হরিণাথের জনপদ। অথচ এই জনপদে ঢাকাসহ সারাদেশের বিভিন্ন সাংবাদিকের প্রতিনিধিরা এসেছে জঙ্গিবাদী, সাম্প্রদায়িকতার গোষ্ঠী, জাতির জনক বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে। জঙ্গীবাদ ও মৌলবাদীদের রুখতে হবে এখনই। শুধু সাংবাদিক নয়, সারাদেশে সকল মানুষকে এক হয়ে এসবের বিরুদ্ধে লড়াই করতে হবে।

তিনি আরও বলেন, যারা রাতের কালো আঁধারে বঙ্গবন্ধুর ভাস্কর্য ক্ষত-বিক্ষত করেছে, তারা শুধু জাতির পিতার হাত ভাঙেনি। এদেশের সংবিধান, স্বাধীনতা ও গোটা বাঙালির উপর আঘাত হেনেছে। আর তাই আমরা সাংবাদিক সমাজ নিশ্চুপ থাকতে পারি না। এর ঠিক বিচার করারও দাবি জানান তিনি।

গতকাল সোমবার বিকালে কুষ্টিয়া শহরের পাঁচ রাস্তার মোড়ে বঙ্গবন্ধুর নির্মাণাধীন ভাস্কর্য ভাঙচুরের প্রতিবাদে সাংবাদিক গণজমায়েতে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

এই সাংবাদিক নেতা আরও বলেন, বেশ কয়েক বছর আগে বিএনপি-জামায়াত শিবির সাংবাদিকের উপর আঘাত হেনেছিলো। আমার কপালে আজও সেই আঘাত আছে। অস্ত্রের ঝনঝনানিতে যে জনপদ ছিলো সেই জনপদ আজ শান্তির জনপদ। কুষ্টিয়ার উন্নয়ন হয়েছে ব্যাপক। দেশ স্বাধীনের পর অনেকে এমপি হয়েছিল কিন্তু তারা কুষ্টিয়ার উন্নয়ন করতে পারেনি। সাংবাদিকবান্ধব নেতা মাহবুব উল আলম হানিফ এমপি এ জেলায় ব্যাপক

উন্নয়ন করেছে। করোনায় আক্রান্ত না হলে আরও অনেক উন্নয়ন দৃশ্যমান হতো।

বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন (বিএফইউজে)’র মহাসচিব শাবান মাহমুদের পরিচালনায় প্রধান অতিথির বক্তব্য রাখেন, ঢাকা সাংবাদিক ইউনিয়নের (ডিইউজে) সভাপতি কুদ্দুস আফ্রাদ, কুষ্টিয়া -১ আসনের সংসদ সদস্য আ.ক.ম সরোয়ার জাহান বাদশা, কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও শহর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আতাউর রহমান আতা, বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়ন (বিএফইউজে)’র কোষাধ্যক্ষ দীপ আজাদ, সাধারণ সম্পাদক সাজ্জাদ আলম খান তপু, শেখ মামুনুর রশীদ, সেবিকা রানী, বরুন ভৌমিক নয়ন, চট্টগ্রাম সাংবাদিক ইউনিয়নের সভাপতি মোহাম্মদ আলী, রাজশাহী সাংবাদিক ইউনিয়নের সভাপতি কাজী শাহেদ, যশোর সাংবাদিক ইউনিয়নের সভাপতি সাজেদ বকুল, নারায়ণগঞ্জ সাংবাদিক ইউনিয়নের সভাপতি আব্দুস সালাম, ময়মনসিংহ সাংবাদিক ইউনিয়নের সভাপতি আতাউল হক খোকন, বগুড়া সাংবাদিক ইউনিয়নের সভাপতি আমজাদ হোসেন মিন্টু, সাংবাদিক ইউনিয়ন কুষ্টিয়ার সভাপতি রাশেদুল ইসলাম বিপ্লব, সাধারণ সম্পাদক জামিল হাসান খান প্রমুখ।

পরে জাতির জনকের ভাস্কর্যের সামনে দাঁড়িয়ে যতদিন না এই ভাস্কর্য ভাঙচুরের ঘটনার সাথে জড়িতদের কঠিন শাস্তি নিশ্চিত না হবে ততদিন পর্যন্ত সাংবাদিকদের ঐক্যবদ্ধ থাকতে শপথ বাক্য পাঠ করানো হয়।

শৈলকুপায় বালি-শ্রমিকদের মাঝে কম্বল বিতরণ

ঝিনাইদহের শৈলকুপা পৌরসভার কবিরপুর এলাকায় কর্মরত শীতার্ত বালি-শ্রমিকদের মাঝে গতকাল সোমবার সন্ধ্যায় কম্বল বিতরণ করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজা।

এ সময় আরো উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিলুফা ইয়াসমিন, ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু।

বালি-শ্রমিক ইদ্রিস শেখ জানান, দীর্ঘ ১২ বছর যাবত তারা এ এলাকায় অবস্থান করে আসছেন।

এই প্রথম কোন নির্বাহী কর্মকর্তা তাদের কে প্রধানমন্ত্রীর এ উপহার তুলে দিলেন। উন্নত মানের কম্বল পেয়ে সকল শ্রমিকের মুখে হাসির ঝিলিক লক্ষ্য করা গেছে।

কোটচাঁদপুরে শহীদ বুদ্ধিজীবী দিবস পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে যথাযোগ্য মর্যাদায় “শহীদ বুদ্ধিজীবী দিবস” পালিত হয়েছে।

গতকাল সোমবার বেলা ১২ টার দিকে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ মিলনায়তনে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

আলোচনা সভার শুরুতে শহীদদের প্রতি সম্মান জানিয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়।

উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে আলোচনা সভায় বিশেষ অতিথি ছিলেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, কোটচাঁদপুর সরকারি কেএমএইচ কলেজের সহঃ অধ্যাপক রবিউল ইসলাম, উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সঞ্জয় কুমার, মাধ্যমিক শিক্ষা অফিসার রতন মিয়া ও সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম।

আলোচনা সভাটি সঞ্চালনা করেন উপজেলা সহঃ শিক্ষা অফিসার মাজেদুর রহমান।